**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**সুরক্ষা সেবা বিভাগ**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**প্রশাসন-৩ শাখা**
www.ssd.gov.bd

# ‘জাতীয় শোক দিবস’ ২০২৩ পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ফলো-আপ সভার কার্যবিবরণী

**সভাপতি** : **মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
তারিখ ও সময় : ০৬ আগস্ট ২০২৩, বেলা ১১.০০টা
স্থান : সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

- সভাপতি ১৫ই আগস্ট কালোরাতে নিহত স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবসহ তাঁর পরিবারের সদস্যগণ ও মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল শহিদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে যুগ্মসচিব (প্রশাসন)-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের অনুরোধ জানান। যুগ্মসচিব (প্রশাসন) সভাকে জানান, মন্ত্রিপরিষদ বিভাগে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে ০৩ আগস্ট ২০২৩ তারিখে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে কর্মসূচি চূড়ান্তকরণে আন্তঃমন্ত্রণালয় ফলো-সভা অনুষ্ঠিত হয়।

- যুগ্মসচিব (প্রশাসন) সভাকে আরো জানান, এ বিভাগ ও অধিদপ্তরসমূহের কর্মসূচিসমূহ ১৬ জুলাই ২০২৩ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় চূড়ান্ত করা হয়েছে। তাছাড়া সভাকে অবহিত করা হয় যে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক ধানমন্ডি ৩২- এ অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটিতে জনাব আলীমুন রাজীব, উপসচিব এবং ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি পালনে গঠিত কমিটিতে জনাব মুহাম্মদ শহিদ উল্লাহ, উপসচিব-কে এ বিভাগের প্রতিনিধি হিসেবে মনোনয়ন প্রদান করা হয়েছে।

- কোভিড পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে সকল প্রকার কর্মসূচি বাস্তবায়ন করা হবে।

- বিস্তারিত আলোচনা শেষে দিবসটি যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে এ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহে পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক)

| ক্রম | কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **পুষ্পস্তবক অর্পণ** | ১৫ আগস্ট ২০২৩ তারিখ ধানমন্ডি ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের নিমিত্ত এ বিভাগের উপসচিব এবং তদুর্ধ্ব কর্মকর্তাগণের। | **উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা এবং অধিদপ্তর পর্যায়ে পরিচালক ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা।** |
| ২ | **পুষ্পস্তবক অর্পণের জন্য ডেন্টাল কলেজ ছাত্রাবাস প্রাঙ্গণ, সোবহানবাগে উপস্থিতি** | উপসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা, এ বিভাগের কর্মকর্তা-কর্মচারী কল্যাণ সমিতি, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ এবং অধিদপ্তর পর্যায়ে পরিচালক (কারা অধিদপ্তরের অতিরিক্ত কারা মহাপরিদর্শক) ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ ধানমন্ডি ঢাকা ডেন্টাল কলেজ ছাত্রাবাসের সামনে সকাল ০৫.৩০ টার মধ্যে উপস্থিত থাকবেন। | **সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী, সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের প্রধানগণ।** |
| ৩ | **ফ্ল্যাগ রুলস অনুসরণ;** | ফ্ল্যাগ রুলস যথাযথভাবে অনুসরণপূর্বক ১৫ই আগস্ট ২০২৩ তারিখে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। | **সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহ।** |
| ৪ | **অনুষ্ঠানস্থলে অগ্নিনির্বাপক যন্ত্রসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের প্রয়োজনীয় সংখ্যক গাড়ির উপস্থিতি নিশ্চিতকরণ এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের গাড়ি ও অ্যাম্বুলেন্স যথাস্থানে মোতায়েন;** | অনুষ্ঠানস্থলে অগ্নিনির্বাপক যন্ত্রসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের প্রয়োজনীয় সংখ্যক গাড়ির উপস্থিতি নিশ্চিত এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের গাড়ি ও অ্যাম্বুলেন্স যথাস্থানে মোতায়েন করতে হবে; | **অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ)/মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।** |
| ৫ | **এসবি পাস সংগ্রহকরণ;** | জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব পালনের নিমিত্ত এসবি পাস সংগ্রহের ব্যবস্থা করতে হবে। | **উপসচিব (প্রশাসন-৩ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |
| ৬ | **ধানমন্ডি ৩২-এ অনুষ্ঠেয় কর্মসূচিতে জনাব আলীমুন রাজীব, উপসচিব এবং ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচিতে জনাব মুহাম্মদ শহিদ উল্লাহ, উপসচিব এর উপর অর্পিত দায়িত্ব সম্পাদন;** | ধানমন্ডি ৩২-এ অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটিতে জনাব আলীমুন রাজীব, উপসচিব এবং ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং কমিটিতে জনাব মুহাম্মদ শহিদ উল্লাহ, উপসচিব-কে অর্পিত দায়িত্ব মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী যথাসময়ে ও যথাযথভাবে পালন করতে হবে। | **সংশ্লিষ্ট কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ** |
| ৭ | **স্বাস্থ্যবিধি অনুসরণ;** | সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক জাতীয় শোক দিবসের সকল কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | **সংশ্লিষ্ট কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ** |
| ৮ | **আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান** | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সুবিধাজনক সময়ে | **প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ।** |

| | | | |
|---|---|---|---|
| | | আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | |

খ) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থা উপস্থাপিত/গৃহীত কর্মসূচিসমূহ যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালন করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/৮/২০২৩

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

৫৮.০০.০০০০.০১২.১৩.০০২.১৭-৩৭

তারিখ : ২৯ শ্রাবণ ১৪৩০ / ১৩ আগস্ট ২০২৩

**বিতরণ :**

১. সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২. অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

**অনুলিপি :**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়; এবং
২. সচিব-এর একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩/০৮/২০২৩

(মুহাম্মদ শহিদ উল্লাহ)
উপসচিব